# Olsart ®

## Olmesartan medoxomil BP

**Description**
Olmesartan medoxomil (**Olsart**®) is an angiotensin II receptor antagonist. It is a prodrug which is converted to olmesartan during absorption from the gastrointestinal tract.

**Mode of action**
Olmesartan blocks the binding of Angiotensin-II with $AT_1$ receptor of vascular smooth muscle which results vasodilation, less $Na^+$ & $H_2O$ retention and ultimately controls blood pressure.

**Pharmacokinetics**
After oral administration Olmesartan medoxomil is rapidly absorbed and converted to olmesartan. Peak plasma concentrations of olmesartan occurred within 1-3 hours after administration. The elimination half-life is 10-15 hours. Approximately 40% of olmesartan was excreted by the kidneys, the remainder being excreted in faeces.

**Composition**
**Olsart® 10 Tablet:** Each film coated tablet contains Olmesartan medoxomil BP 10 mg.
**Olsart® 20 Tablet:** Each film coated tablet contains Olmesartan medoxomil BP 20 mg.
**Olsart® 40 Tablet:** Each film coated tablet contains Olmesartan medoxomil BP 40 mg.

**Indications**
It is indicated for the treatment of hypertension.

**Dosage & administration**
For the treatment of hypertension initially 10 mg once daily; if necessary increased to 20 mg once daily; maximum 40 mg daily.
*Patients with Renal & Hepatic impairment:* Maximum 20 mg daily.

**Contraindications**
Known hypersensitivity to any component of this product.

**Side effects**
Nausea, vomiting, diarrhea, headache and dizziness may be occurred.

**Use in pregnancy & lactation**
USFDA Pregnancy category C. The safety of Olmesartan medoxomil during pregnancy & lactation has not been established.

**Precautions**
Precautions should be taken for patients with severe congestive heart failure and renal artery stenosis. If diarrhea or vomiting occurs then precautions should be taken for the next use of Olmesartan medoxomil.

**Drug interactions**
Chance of drug-drug interaction is very low because Olmesartan medoxomil is not metabolized by Cytochrome P450 enzyme.

**Storage**
Keep out of reach of children. Store in a dry place, below 25˚C temperature and protected from light.

**Packaging**
**Olsart® 10 Tablet:** Each carton contains 14X3 tablets in blister pack.
**Olsart® 20 Tablet:** Each carton contains 14X3 tablets in blister pack.
**Olsart® 40 Tablet:** Each carton contains 14X2 tablets in blister pack.

# অলসার্ট®

## অলমিসারটান মেডক্সমিল বিপি

**বিবরণ**
অলমিসারটান মেডক্সমিল (**অলসার্ট**®) একটি এনজিওটেনসিন-২ রিসেপ্টর ব্লকার। এটি একটি প্রোড্রাগ যা পরিপাকতন্ত্র থেকে শোষণের সময় অলমিসারটানে রূপান্তরিত হয়।

**কার্যপদ্ধতি**
অলমিসারটান সংবহনতন্ত্রের নরম কলায় এনজিওটেনসিন-২ কে এটি১ রিসেপ্টরের সাথে আবদ্ধ হতে বাধাদানের মাধ্যমে রক্তনালীর প্রসারণ ঘটায়, সোডিয়াম ও পানি ধরে রাখা হ্রাস করে এবং চূড়ান্তভাবে রক্তচাপ নিয়ন্ত্রণ করে।

**ওষুধের উপর শরীরের ক্রিয়া (ফার্মাকোকাইনেটিক্স)**
মুখে সেবনের পর অলমিসারটন মেডক্সমিল অতিদ্রুত শোষিত হয় এবং অলমিসারটানে রুপান্তরিত হয়। সেবনের ১-৩ ঘন্টার মধ্যে রক্তে সর্বোচ্চ ঘনত্ব পাওয়া যায়। রেচনের অর্ধায়ু ১০-১৫ ঘন্টা। প্রায় ৪০% অলমিসারটান বৃক্ক দিয়ে বের হয় এবং বাকি অংশ মলের মাধ্যমে বের হয়।

**উপাদান**
**অলসার্ট® ১০ ট্যাবলেট:** প্রতিটি ফিল্ম কোটেড ট্যাবলেটে আছে অলমিসারটান মেডক্সমিল বিপি ১০ মিগ্রা।
**অলসার্ট® ২০ ট্যাবলেট:** প্রতিটি ফিল্ম কোটেড ট্যাবলেটে আছে অলমিসারটান মেডক্সমিল বিপি ২০ মিগ্রা।
**অলসার্ট® ৪০ ট্যাবলেট:** প্রতিটি ফিল্ম কোটেড ট্যাবলেটে আছে অলমিসারটান মেডক্সমিল বিপি ৪০ মিগ্রা।

**নির্দেশনা**
উচ্চ রক্তচাপের চিকিৎসায় নির্দেশিত।

**মাত্রা ও প্রয়োগ**
উচ্চ রক্তচাপের চিকিৎসায় প্রাথমিক অবস্থায় ১০ মিগ্রা দিনে ১ বার; প্রয়োজনে বাড়িয়ে ২০ মিগ্রা দিনে একবার; সর্বোচ্চ ৪০ মিগ্রা দৈনিক।
*কিডনি এবং যকৃৎ এর সমস্যা রয়েছে এমন রোগীদের ক্ষেত্রে:* সর্বোচ্চ ২০ মিগ্রা দৈনিক।

**বিরুদ্ধ ব্যবহার** *(যেসব ক্ষেত্রে ব্যবহার করা যাবে না)*
ওষুধের কোন অংশের প্রতি সংবেদনশীলতা থাকলে।

**পার্শ্বপ্রতিক্রিয়া**
বমি-বমি ভাব, বমি, ডায়রিয়া, মাথা ব্যথা এবং ঝিঁমুনি দেখা দিতে পারে।

**গর্ভাবস্থা ও স্তন্যদানকালে ব্যবহার**
ইউএসএফডিএ প্রেগন্যান্সী ক্যাটাগরী সি। গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে অলমিসারটান মেডক্সমিল এর ব্যবহার প্রতিষ্ঠিত নয়।

**সতর্কতা**
রোগীর তীব্র কনজেসটিভ হার্ট ফেইলিওর এবং রেনাল আর্টারী স্টেনোসিস থাকলে সতর্কতা অবলম্বন করতে হবে। যদি ডায়রিয়া অথবা বমি হয় তবে অলমিসারটান মেডক্সমিলের পরবর্তী ব্যবহার সতর্কতার সাথে করতে হবে।

**অন্য ওষুধের সাথে প্রতিক্রিয়া**
অলমিসারটান যেহেতু সাইটোক্রোম পি৪৫০ এনজাইম দ্বারা বিপাকীত হয় না তাই ওষুধ আন্তঃক্রিয়ার পরিমাণ খুবই কম।

**সংরক্ষণ**
শিশুদের নাগালের বাইরে রাখুন। আলো থেকে দূরে, ২৫˚সে. তাপমাত্রার নিচে এবং শুষ্কস্থানে রাখুন।

**উপস্থাপনা**
**অলসার্ট® ১০ ট্যাবলেট:** প্রতি কার্টনে ব্লিস্টার প্যাকে রয়েছে ১৪×৩ ট্যাবলেট।
**অলসার্ট® ২০ ট্যাবলেট:** প্রতি কার্টনে ব্লিস্টার প্যাকে রয়েছে ১৪×৩ ট্যাবলেট।
**অলসার্ট® ৪০ ট্যাবলেট:** প্রতি কার্টনে ব্লিস্টার প্যাকে রয়েছে ১৪×২ ট্যাবলেট।

0906-01

Opsonin Pharma
Ideas for healthcare

*Manufactured by*
**Opsonin Pharma Limited**
Rupatali, Barishal, Bangladesh.
® Registered Trade Mark.